গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৫৮-আইন/২০২৬/৩৫৮-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এর—

(অ) ক্রমিক নং ০৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | |
|---|---|---|---|
| ০৬. | S০০৭.১০ | বিজ্ঞাপনী সংস্থা | ১৫% |
| | S০০৭.২০ | অনলাইন বিজ্ঞাপন | ৫% |

”;

(আ) ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“

| | | | |
|---|---|---|---|
| ৪১. | S০৮৩.০০ | সেমিকন্ডাক্টর এসেম্বলি, টেস্টিং ও প্যাকেজিং সেবা | ১৫% |

”;

(ই) ক্রমিক নং ৪১, ৪২, ৪৩ ও ৪৪ ক্রমিক নং ৪২, ৪৩, ৪৪ ও ৪৫ হিসেবে পুনসঞ্জায়িত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৩) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা আমদানির ক্ষেত্রে—

(ক) আইনের ধারা ২০ অনুযায়ী ‘সেবা আমদানির’ বিপরীতে প্রযোজ্য মূসক পরিশোধের দায়ভার সেবা গ্রহীতার উপর বর্তাইবে অর্থাৎ উক্ত পরিশোধিত মূসক আমদানিকারকের উৎপাদ-কর। আমদানিকৃত সেবার আংশিক বা পূর্ণ মূল্য, কোন ব্যাংক বা

আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোন অনুমোদিত ডিলার এর মাধ্যমে পরিশোধকালে উক্ত সেবার বিপরীতে প্রযোজ্য মূসক ব্যাংক আমদানিকারকের পক্ষে আমদানিকারকের সংশ্লিষ্ট সার্কেল কোড বা অর্থনৈতিক কোডে জমা প্রদান করিয়া ট্রেজারি চালানের একটি কপি আমদানিকারককে প্রদান করিবেন। উক্ত ট্রেজারি চালান আমদানিকারকের জন্য একটি কর চালানপত্র হিসেবে বিবেচিত হইবে।

(খ) সেবা আমদানিকারক সেবা আমদানির বিপরীতে প্রদেয় উৎপাদ কর দাখিলপত্রের তৃতীয় অংশে (Supply- Output Tax) এবং প্রদেয় কর সরকারী কোষাগারে পরিশোধের বিপরীতে দাখিলপত্রের নবম অংশের (Treasurey Deposit) নোট-৫৮ এ এন্ট্রি প্রদান করিবেন। আমদানিকৃত সেবা'র বিপরীতে পরিশোধিত মূসক, আইনের ধারা ৪৬ বিধান অনুযায়ী যতটুকু উপকরণ কর হিসেবে রেয়াতযোগ্য তাহা আমদানিকারক দাখিলপত্রের ৪র্থ অংশে (Purchase-Input Tax) এন্ট্রি প্রদানপূর্বক প্রর্দশন করিবেন। উল্লেখ্য, সেবা আমদানিকারকের পক্ষে ট্রেজারি চালান জমা প্রদানকারী ব্যাংক, উক্ত ট্রেজারি চালানের বিপরীতে কোন এন্ট্রি নিজস্ব দাখিলপত্রে প্রদর্শন করিবেন না। তবে, গৃহীত কার্যক্রমের বিপরীতে তিনি কোন ফি, চার্জ বা কমিশন প্রাপ্ত হইলে, দাখিলপত্রের ৩য় অংশে (Supply- Output Tax) গৃহীত ফি/কমিশনের পরিমাণ ও মূসক (প্রযোজ্য ক্ষেত্রে) এর এন্ট্রি প্রদানপূর্বক প্রদর্শন করিবেন।";

(গ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সেবার বিপরীতে মূসকের হার হইবে ১৫ শতাংশ এবং তাহা এ-চালান বা ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধের দায়ভার সেবা গ্রহণকারীর উপর বর্তাইবে। এক্ষেত্রে গৃহীত সেবার বিপরীতে প্রদেয় মূসকের জন্য তিনি দাখিলপত্রের অংশ-৫ এ প্রথমে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন। পরবর্তীতে উক্ত বৃদ্ধিকারী সমন্বয়ের বিপরীতে প্রদেয় মূসকের অর্থ সরকারি কোষাগারে এ-চালান বা ই-পেমেন্টর মাধ্যমে পরিশোধ করিবেন এবং সেবা গ্রহণকারী কর্তৃক দাখিলপত্র প্রদানকালে পরিশোধিত মূসকের প্রমাণক দাখিলপত্রের ট্রেজারি জমার নির্দিষ্ট অংশে প্রদর্শন করিতে হইবে।";

(২) বিধি ৪ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “গণ্য হইবে না” শব্দগুলির পর “এবং কোন ব্যবসায়ী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক পরিশোধপূর্বক পণ্য সরবরাহ করিলে যোগানদার হিসেবে বিবেচিত হইবে না” শব্দগুলি, সংখ্যাগুলি, চিহ্ন ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে;

(৩) বিধি ৫ এর—

(ক) দফা (খ) এর শর্তাংশে উল্লিখিত “Integrated VAT Administration System (IVAS)” এন্ট্রিগুলির পরিবর্তে “eVAT" এন্ট্রিগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঝ) এর শেষাংশে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(গ) দফা (ঞ) এর প্রান্ত:স্থিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ট), (ঠ) ও (ড) সংযোজিত হইবে, যথা:-

“(ট) নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠান কর্তৃক যে কোন সরবরাহ;

(ঠ) চুক্তিভিত্তিক উৎপাদক ১৫ (পনের) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক ফরম মূসক-৬.৩ প্রদান করিলে;

(ড) এই বিধিমালার বিধি ৩ এর টেবিল এর কলাম (৩) এ উল্লিখিত সেবা ব্যতীত প্রজ্ঞাপন এসআরও নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর অন্যকোন সেবার ক্ষেত্রে।”।

৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান**
প্রথম সচিব (মূসক নীতি)।